

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩


নং- ১০.০০.০০০০.১২৭.৯৯.০০১.১৯.৫২৪

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সংবর্ধনা অনুষ্ঠানে দেশের সকল অধস্তন আদালতের বিচার বিভাগীয় কর্মকর্তাগণের অংশগ্রহণের জন্য কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এসোসিয়েশনের পক্ষ থেকে ২৮ জুলাই ২০২৩ তারিখ শুক্রবার বিকাল ৩.০০ ঘটিকায় ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সংবর্ধনা অনুষ্ঠানে দেশের সকল অধস্তন আদালতের বিচার বিভাগীয় কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সংবর্ধনা অনুষ্ঠানে দেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে (চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক একজন করে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে দায়িত্ব প্রদান করে) উপস্থিত থাকার জন্য কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হলো।




(মোহাম্মদ ওসমান হায়দার)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৫৫১০০৮৮৬

নং-১০.০০.০০০০.১২৭.৯৯.০০১.১৯.৫২৪

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ (সকল),
- ৩। বিচারক (জেলা ও দায়রা জজ).....।
- ৪। বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ (সকল),
- ৫। চেয়ারম্যান, শ্রম আদালত (সকল),
- ৬। সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল (সকল),
- ৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল),
- ৮। সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৫), আইন ও বিচার বিভাগ।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
- ১০। মাননীয় মন্ত্রী মহোদয়ের সহকারী একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(মোর্শেদ আল মামুন ভূইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৫৬৬৩১